

উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় সম্পর্কিত কমিটির

সভার কার্য বিবরণী

তারিখ : ১৫ মার্চ ২০২২ খ্রি:

সময়: বেলা ০৩:০০ টা

স্থান: সম্মেলন কক্ষ, পল্লী ভবন, রায়পুর।

উপস্থিত সদস্যগণের স্বাক্ষর

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---------|---|------------|------------|
| ০১ | হাজী মাজেদা বেগম, ভাইস-চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, রায়পুর, লক্ষ্মীপুর | সভাপতি | স্বাক্ষরীত |
| ০২ | চেয়ারম্যান, ০১ নং উত্তর চর আবাবিল ইউনিয়ন পরিষদ রায়পুর, লক্ষ্মীপুর | সদস্য | স্বাক্ষরীত |
| ০৩ | চেয়ারম্যান, ০২ নং উত্তরচরবংশী ইউনিয়ন পরিষদ রায়পুর, লক্ষ্মীপুর | সদস্য | স্বাক্ষরীত |
| ০৪ | চেয়ারম্যান, ১০ নং রায়পুর ইউনিয়ন পরিষদ রায়পুর, লক্ষ্মীপুর | সদস্য | স্বাক্ষরীত |
| ০৫ | উপজেলা সমবায় অফিসার রায়পুর, লক্ষ্মীপুর। | সদস্য | স্বাক্ষরীত |
| ০৬ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার রায়পুর, লক্ষ্মীপুর। | সদস্য সচিব | স্বাক্ষরীত |

অধ্যকার সভা পল্লী উন্নয়ন ও সমবায় সম্পর্কিত কমিটির সম্মানিত সভাপতি জনাব, হাজী মাজেদা বেগম এর সভাপতিত্বে শুরু হয়। সভায় তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্য বিবরণী উপস্থাপনের জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জনাব জাফর হোসেনকে অনুরোধ জানান এবং সেই মোতাবেক তিনি সভা পরিচালনা করেন। সভায় উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় সম্পর্কিত বিষয়ে নিম্নে বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---------|---|--|--|-----------------------------|
| ০১ | বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন | সভায় বিগত সভার কার্য বিবরণী পাঠ করা হয়। | বিগত সভার কার্য বিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | |
| ০২ | পল্লী উন্নয়ন বোর্ড এর চলমান বিভিন্ন প্রকল্পের ঋণ সম্পর্কে আলোচনা | সভায় পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, চলতি অর্থ বছরের বিআরডিবি'র আওতাধীন সমিতি ও দল সমূহের ৩৪৬ জন সদস্যের মাঝে ১৬৯.৩৯ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয় বিতরণের হার ৭৮%। উক্ত সময়ে আদায়কৃত ঋণের পরিমাণ ১৭০.১২ লক্ষ টাকা। আদায়ের হার ৯২%। শুধু তাই নয় উক্ত সময়ে সদস্যদের কাছ থেকে ০.৬২ লক্ষ টাকা শেয়ার এবং ২.৫৯ লক্ষ টাকা সঞ্চয় আদায় হয়েছে। | বছরের প্রথম আট মাসের সার্বিক কার্যক্রমে সন্তোষ প্রকাশ করার পাশাপাশি আরো সক্রিয় ভাবে কার্যক্রম পরিচালনার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ০৩ | পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক প্রশিক্ষণ বিষয়ে আলোচনা | সভায় পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, চলতি অর্থ বছরের বিআরডিবি থেকে সমিতির সদস্যদের জন্য বরাদ্দকৃত দুইটি প্রশিক্ষণ ৬০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | যথাযথ নিয়ম মেনে অবশিষ্ট প্রশিক্ষণগুলো সম্পন্ন করার সিদ্ধান্ত সভায় গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |

অতঃপর অন্যকোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

হাজী মাজেদা বেগম
সভাপতি

উপজেলার পল্লী উন্নয়ন ও সমবায় সম্পর্কিত কমিটি
ও ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, রায়পুর, লক্ষ্মীপুর

স্মারক নং ৪৭.৬২.৫১৫৮.১০০.১৬.০০০.১৫.১৮৬

তারিখ : ১৫ মার্চ, ২০২২ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো-

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রায়পুর, লক্ষ্মীপুর।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, রায়পুর, লক্ষ্মীপুর।
- ০৩। ভাইস-চেয়ারম্যান, (পুরুষ/মহিলা) উপজেলা পরিষদ, রায়পুর, লক্ষ্মীপুর।
- ০৪। জনাব, চেয়ারম্যান.....নং ইউনিয়ন পরিষদ, রায়পুর, লক্ষ্মীপুর।
- ০৫। অফিস কপি।


মোঃমুহম্মদ আবদুস সাত্তার

সদস্যসচিব

উপজেলার পল্লী উন্নয়ন ও সমবায় সম্পর্কিত কমিটি

ও

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
রায়পুর, লক্ষ্মীপুর।